



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩- ৫৬

তারিখঃ ২৪ মার্চ ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তিঃ

#### প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা এবং কোচিং বানিজ্য বন্ধ করার জন্য সরকারের প্রতি আহ্বান

২৪ মার্চ ২০১৯ তারিখ ব্র্যাক সেন্টারে জাতীয় মানবাধিকার কমিশন ও ব্র্যাক এর যৌথ আয়োজনে “শিশু অধিকারঃ শিশু ন্যায়পাল” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতির বক্তব্যে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “শিশু অধিকার সুরক্ষায় বাংলাদেশ সরকারের নানাবিধ কার্যক্রম থাকা সত্ত্বেও শিশু নির্যাতন এখনো চলছে। ২০১১ সালে জাতীয় শিশু নীতি প্রণয়ন সরকারের একটি যুগান্তকারী সিদ্ধান্ত। উক্ত নীতিতে শিশু ন্যায়পাল গঠনের বিষয়টি উল্লেখ থাকলেও এখনো তা গঠন করা হয়নি। তাই জাতীয় মানবাধিকার কমিশন সরকার ও নাগরিক সমাজের সাথে আলোচনা করে শিশু অধিকার কমিশন আইনের একটি খসড়া প্রস্তুত করে ইতিমধ্যে সরকারের নিকট দাখিল করেছে এবং সরকার উক্ত কমিশন গঠনে নীতিগত সমর্থন দিয়েছে। আমরা চাই এমডিজি অর্জনে বাংলাদেশ যে সফলতা দেখিয়েছে এসডিজি অর্জনেও বাংলাদেশ সেরকম সফলতা দেখাতে সক্ষম হবে। শিশু নির্যাতন ও শিশুশ্রম বন্ধে একটি নিরপেক্ষ শিশু অধিকার কমিশন প্রয়োজন।” তৃতীয় শ্রেণী পর্যন্ত পরীক্ষা হবেনা এমন সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়ে কাজী রিয়াজুল হক বলেন, “শিশুদের ওপর পড়াশোনার বাড়তি চাপ কমাতে হবে এবং সকল শিশু যেন লেখাপড়ার সুযোগ পায় সেলক্ষ্যে অন্তর্ভুক্তিমূলক শিক্ষাব্যবস্থা রাখতে হবে।” তিনি প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা এবং কোচিং বানিজ্য বন্ধ করার জন্য দৃঢ় পদক্ষেপ নিতে সরকারের প্রতি আহ্বান জানান।

সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব জুয়েনা আজিজ; সমাপনী বক্তব্য রাখেন কমিশনের সদস্য জনাব নুরুন নাহার ওসমানী; বক্তব্য রাখেন ব্র্যাক এর এডভোকেসি, টেকনোলজি ও পার্টনারশিপ প্রোগ্রাম এর পরিচালক কে এম মরশেদ; ব্র্যাক এডুকেশন প্রোগ্রাম এর পরিচালক জনাব শফিকুল ইসলামসহ আরও অনেকে।

ধন্যবাদান্তে

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন